



পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।
www.iau.edu.bd iau.exam@gmail.com

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-ইআবি/ফাজিল পরীক্ষা/২০১৮/৮০৮

২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
২৭ মুহররম ১৪৪০ হিজরি

বিষয়: চুয়াডাঙ্গা ফাজিল মাদরাসা কেন্দ্রে বিভিন্ন অনিয়ম ও স্বজনপ্রীতির সাথে জড়িত শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ০৫.৪৪.১৮০০.১০৪.৫৫.০১৫.১৮.৩৯৫, তারিখ: ০১ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ, ২৩ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ (ছায়াপিপি সংযুক্ত)


মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, ফাজিল পাস পরীক্ষা-২০১৮-এ চুয়াডাঙ্গা ফাজিল মাদরাসা কেন্দ্রে অনুষ্ঠিত পরীক্ষার কেন্দ্রে কক্ষ পরিদর্শক জনাব রুহুল আমিন, জনাব ফরহাদ হোসেন এবং রাশেদিন আমিনসহ কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে পরীক্ষা কেন্দ্রে সূষ্ঠাভাবে পরীক্ষা গ্রহণে বিলম্ব সৃষ্টি, স্বজন-প্রীতি ও বিভিন্ন অনিয়মের অভিযোগ পেয়ে আপনি ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অবহিত করেছেন। জেলা প্রশাসনের প্রত্যক্ষ সহযোগিতায় নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বদ্ধ পরিকর।

অতএব, উল্লিখিত তিনজন কক্ষ পরিদর্শকের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।


ধন্যবাদান্তে-

জেলা প্রশাসক
চুয়াডাঙ্গা।


উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

স্মারক নং-ইআবি/পনি/ফাজিল পরীক্ষা/২০১৮/৮০৮, তারিখ: ০৮ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ
সদয় অবগতির জন্য অনুলিপি :

১. ডীন, ফাজিল স্নাতক শিক্ষা বিষয়ক কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. ট্রেজারার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশে অনুরোধসহ)।
৭. অফিস নথি।


সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চুয়াডাঙ্গা-৭২০০
(শিক্ষা ও আইসিটি শাখা)
www.chuadanga.gov.bd

স্মারক নং-০৫.৪৪.১৮০০.১০৪.৫৫.০১৫.১৮.

৬৭৫

তারিখ:

২১ অশ্বিন, ১৪২৫ বঙ্গাব্দ।
০২ অক্টোবর, ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়: অভিযুক্ত শিক্ষকদের ফাযিল স্নাতক পরীক্ষা কেন্দ্রে কক্ষ পরিদর্শকের দায়িত্ব প্রদানের কারণ ব্যাখ্যা

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চুয়াডাঙ্গা ফাযিল মাদরাসার শিক্ষক জনাব রুহুল আমিন, জনাব ফরহাদ হোসেন ও জনাব রাশেদিন আমিনসহ কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে পরীক্ষা কেন্দ্র সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণে স্বজনপ্রীতি ও বিভিন্ন অনিয়মের সাথে জড়িত মর্মে শিক্ষার্থীদের মাধ্যমে অবহিত হয়ে তাদেরকে কক্ষ পরিদর্শকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব থেকে বিরত রাখার জন্য আপনাকে কয়েকবার মৌখিকভাবে পরামর্শ দেয়া হয়। তদসত্ত্বেও আপনি ফাযিল স্নাতক পরীক্ষা কেন্দ্রে তাদেরকে কক্ষ পরিদর্শকের দায়িত্ব দিয়েছেন যা সুষ্ঠু ও নিরপেক্ষভাবে পরীক্ষা গ্রহণে প্রতিবন্ধকতার সামীল। পরীক্ষা কেন্দ্রে তাদের দায়িত্ব প্রদান করে আপনিও নকল সরবরাহ, স্বজনপ্রীতিসহ অন্যান্য দুর্নীতি করেছেন মর্মে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, আপনার এহেন কার্যকলাপের বিরুদ্ধে কেন আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে লিখিতভাবে জানানো হবেনা তার সন্তোষজনক জবাব ০৩(তিন)কর্মদিবসের মধ্যে প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।

অধ্যক্ষ

চুয়াডাঙ্গা ফাযিল মাদরাসা
চুয়াডাঙ্গা।

(জিয়াউদ্দীন আহমেদ)

জেলা প্রশাসক
চুয়াডাঙ্গা

☎-০৭৬১-৬৩১১১

E-mail-dcchuadanga@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ২। বিভাগীয় প্রধান, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।